# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. অনুচ্ছেদ রচনা কর : (যেকোনো একটি)** ৫

(ক) শিশুশ্রম

(খ) অপসংস্কৃতি

**২. চিঠি/দরখাস্ত লেখ :** ৫

(ক) ইন্টারনেট ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে বন্ধুর নিকট পত্র লেখ।

অথবা, (খ) বন্যার্ত এলাকায় ত্রাণ পাঠানোর জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য পত্র লেখ।

**৩. সারাংশ/সারমর্ম লেখ :** ১০

(ক) **সারাংশ :** মানুষের মূল্য কোথায়? চরিত্রে, মনুষ্যত্বে, জ্ঞানে ও কর্মে। বস্তু চরিত্র বলেই মানুষের জীবনের যা কিছু শ্রেষ্ঠ তা বুঝাতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, মানুষ যদি মানুষকে শ্রদ্ধা করে সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যে সকল মহাপুরুষ জন্ম গ্রহণ করেছেন, তাদের গৌরবের মূলে এই চরিত্র শক্তি। তুমি চরিত্রবান লোক, এই কথার অর্থ এই নয় যে তুমি শুধু লম্পট নও। তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ কর। তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়। চরিত্রবান মানে এই।

Teachingbd.com

অথবা, (খ) **সারমর্ম :**

মিছা মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম,
তার চেয়ে রত্ন নাই আর।
সুধাকরে কত সুধা, দূর করে তৃষ্ণা ক্ষুধা,
স্বদেশের শুভ সমাচার।
ভ্রাতৃভাব ভাবি মনে, দেখ দেশবাসী গণে,
প্রেমপূর্ণ নয়ন মেলিয়া।
কত রূপ স্নেহ করি, দেশের কুকুর ধরি,
বিদেশের ঠাকুর ফেলিয়া॥

৪. **ভাব-সম্প্রসারণ লেখ : (যেকোনো ১টি)** ১০

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

(খ) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

৫. **প্রতিবেদন লেখ (যেকোনো ১টি)** ১০

(ক) সম্প্রতি দেশে সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে তোমার নিজস্ব অভিমত জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

(খ) 'নদী বাঁচলে দেশ বাঁচবে' এই শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৬. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :** ২০

(ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

(খ) অধ্যবসায়

(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও তার প্রতিকার

http://teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা　　বিষয় কোড: ১০২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. "মচমচ করে শুষ্ক বাঁশ পাতার রাশ ও বাঁশের খোসা জুতার নিচে ভাঙিয়া যাইতে লাগিল।" চলিত রীতির এই বাক্যটিতে ভুলের সংখ্যা কয়টি?
ক) ৩টি　খ) ৪টি
গ) ৫টি　ঘ) ৬টি

২. এখনও গ্রাম বাংলায় নিয়মিত হাট-বাজার বসে। বাক্যে চিহ্নিত শব্দটি কোন শ্রেণির শব্দের উদাহরণ?
ক) আরবি-ফারসি　খ) বাংলা-ফরাসি
গ) বাংলা-ফারসি　ঘ) তৎসম-বাংলা

৩. সন্ধি এবং ণ-ত্ব ও ষ-ত্ব বিধান বাংলা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক) ধ্বনিতত্ত্বে　খ) শব্দতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে　ঘ) অর্থতত্ত্বে

৪. কোনটি প্রাতিপদিকের উদাহরণ?
ক) হাতা　খ) কলম
গ) ফুলেল　ঘ) মুখর

৫. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা—
ক) ২০টি　খ) ২৫টি
গ) ৩০টি　ঘ) ৩৫টি

৬. শুনিয়া/শুনে, বলিয়া/বলে, হাটুয়া/হাউটা/হেটো, মাছুয়া/মেছো ইত্যাদি কোন ধরনের ধ্বনি পরিবর্তন?
ক) স্বরসঙ্গতি　খ) সম্প্রকর্ষ
গ) অভিশ্রুতি　ঘ) ব্যঞ্জন বিকৃতি

৭. কোনটি শুদ্ধ?
ক) মাস্টার　খ) ফটোষ্ট্যাট
গ) আপণ　ঘ) মণ

৮. উদ্বন্ধন এ প্রাণ ত্যাগ করো না। বাক্যে চিহ্নিত শব্দটির সন্ধি বিচ্ছেদ কর।
ক) উদ + বন্ধন　খ) উৎ + বাঁধন
গ) উৎ + বন্ধন　ঘ) উদো + বন্ধন

৯. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?
ক) সতীন　খ) বিধবা
গ) সৎমা　ঘ) কুলটা

১০. ফলগুলো তুই আনরে বাছা বাছা বাক্যে চিহ্নিত পদাত্মক দ্বিরুক্তিটি কী অর্থ প্রকাশ করেছে?
ক) সতর্কতা　খ) ভাবের গভীরতা
গ) আধিক্য　ঘ) ধ্বনিব্যঞ্জনা

১১. বচনভেদ হয়—
i. বিশেষ্য পদে
ii. বিশেষণ পদে
iii. সর্বনাম পদে
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii　খ) i ও ii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১২. সমাস মানে—
i. মিলন
ii. একাধিক পদের একপদীকরণ
iii. রূপান্তর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৩. অরুণরাঙা ও গজমূর্খ কোন সমাসের উদাহরণ?
ক) উপমান কর্মধারয় সমাস
খ) উপমিত কর্মধারয় সমাস
গ) রূপক কর্মধারয় সমাস
ঘ) মধ্যপদলোপী

১৪. পরাণপ্রিয়, গুরুভক্তি, শ্রমলব্ধ ও খেয়াঘাট কোন সমাসের উদারণ?
ক) বহুব্রীহি সমাস　খ) অব্যয়ীভাব সমাস
গ) তৎপুরুষ সমাস　ঘ) প্রাদি সমাস

১৫. আনকোরা বলে চাকুরিতে আমার মনটা আনচান করে। বাক্যটিতে 'আন' উপসর্গটির ব্যবহৃত হয়েছে—
i. না অর্থে　ii. উদাস অর্থে
iii. বিক্ষিপ্ত অর্থে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৬. 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এই বাক্যে 'হের' ধাতুটি কোন ভাষা থেকে আগত?
ক) সংস্কৃত ভাষা　খ) বিদেশী ভাষা
গ) বাংলা ভাষা　ঘ) অজ্ঞাতমূল ধাতু

১৭. 'মুগ্ধ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর?
ক) √মু + ক্ত　খ) √মুহ্ + ক্ত
গ) √মু + গ্ধ　ঘ) √মুহ্ + গ্ধ

১৮. কোনটি 'সই' প্রত্যয়যুক্ত শব্দের বহির্ভূত?
ক) জুতসই　খ) চলনসই
গ) টেকসই　ঘ) নামসই

১৯. কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ?
ক) প্রবীণ　খ) দৌহিত্র
গ) হস্তী　ঘ) জলধি

teachingbd.com

২০. 'রকেট অতি দ্রুত চলে' বাক্যটি কিসের উদাহরণ?
ⓚ নাম বিশেষণের বিশেষণ
ⓚ ক্রিয়া বিশেষণের বিশেষণ
ⓖ ক্রিয়া বিশেষণ
ⓖ অব্যয়ের বিশেষণ

২১. কোনটি নামধাতুর উদাহরণ?
(ক) আমি রাতে খাব না
(খ) ঘটনাটা শুনে রাখ
(গ) সাইরেন বেজে উঠল
(ঘ) শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন

২২. কোনটি পুরাঘটিত অতীত কালের উদাহরণ?
(ক) কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল
(খ) তুমি যদি যেতে, তবে ভালোই হতো
(গ) পানিপথের তৃতীয় যুদ্ধে এক লক্ষ সৈন্য মারা গিয়েছিল
(ঘ) তোমরা যা খুশি কর, আমি বিদায় হলাম

২৩. ধাতুর গণ বলতে কী বোঝায়?
(ক) ধাতুর ব্যবহার পদ্ধতি
(খ) ধাতুর বানানের ধরন
(গ) ধাতুর শ্রেণিবিভাগ
(ঘ) ধাতুর আদিরূপের সন্ধান

২৪. কারক ও বিভক্তি নির্ণয় কর : কান্নায় শোক মন্দীভূত হয়?
(ক) অপাদান কারকে সপ্তমী বিভক্তি
(খ) ভাবাধিকরণে সপ্তমী বিভক্তি
(গ) ঐকদেশিক অধিকরণে সপ্তমী বিভক্তি
(ঘ) অভিব্যাপক অধিকরণে সপ্তমী বিভক্তি

২৫. নিচের কোনটি অভেদ সম্বন্ধ পদ?
(ক) বাটির দুধ (খ) দুঃখের দহন
(গ) সাতের পাঁচ (ঘ) অগ্নির উত্তাপ

২৬. 'এদেশের মাঝে একদিন সব ছিল।'—এখানে 'মাঝে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) মধ্যে (খ) একদেশিক অর্থে
(গ) ক্ষণকাল অর্থে (ঘ) ব্যাপ্তি অর্থে

২৭. বাক্য রূপান্তর কর : তার দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম। (মিশ্রবাক্য)
(ক) তার দর্শন পেলাম এবং আমরা প্রস্থান করলাম
(খ) যেই তার দর্শন পেলাম, সেই আমরা প্রস্থান করলাম
(গ) তার দর্শন পেলাম তারপর আমরা চলে গেলাম
(ঘ) তার দর্শন পেলাম তথাপি আমরা চলে গেলাম

২৮. কোকিল শব্দটির সমার্থক শব্দ কোনটি?
(ক) পিক (খ) পরভৃৎ
(গ) বৃক (ঘ) বলিভুক

২৯. যা দমন করা কষ্টকর; তাকে এক কথায় কী বলে?
(ক) অদম্য (খ) দুর্দমনীয়
(গ) দুর্নিবার (ঘ) অনিবার্য

৩০. 'কেঁচে গণ্ডুস' বাগধারাটি কী অর্থে ব্যবহৃত হয়?
(ক) অসাবধানতা (খ) পুনরায় আরম্ভ করা
(গ) অসম্ভব বস্তু (ঘ) ঘরকুনো

৩১. দায়িত্ব নেওয়া অর্থে রীতিসিদ্ধ প্রয়োগ কোনটি?
(ক) ম্যাও ধরা (খ) মাথা ধরা
(গ) পাকা কথা (ঘ) মাথায় থাকা

৩২. কোনটি কর্মকর্তৃবাচ্যের উদাহরণ?
(ক) তার যেন আসা হয়
(খ) আমার যাওয়া হবে না
(গ) কাজটা ভালো দেখায় না
(ঘ) এ পথে চলা যায় না

৩৩. লোকটি বলল, "বাঃ! পাখিটি তো চমৎকার।" বাক্যটির পরোক্ষ উক্তিটি কোনটি?
(ক) লোকটি আনন্দের সাথে বলল যে পাখিটি চমৎকার
(খ) লোকটি উচ্ছ্বাসের সাথে বলল পাখিটি চমৎকার
(গ) লোকটি উল্লসিত হয়ে বলল যে পাখিটি চমৎকার
(ঘ) লোকটি খুশি হয়ে বলল যে পাখিটি চমৎকার

৩৪. হাইফেন ( — ) এর বিরতিকালের পরিমাণ—
(ক) এক বলার দ্বিগুণ সময়
(খ) এক সেকেন্ড
(গ) এক উচ্চারণে যে সময় লাগে
(ঘ) থামার প্রয়োজন নেই

৩৫. ব্যক্তিগত চিঠির কাঠামোতে কয়টি অংশ থাকে?
(ক) ৪টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৭টি

৩৬. It's About to evening— বাক্যটি অনুবাদ কর।
(ক) সন্ধ্যা প্রায় হয়ে এল (খ) সন্ধ্যা হয় হয়
(গ) সন্ধ্যা আগত (ঘ) সন্ধ্যা শেষ হয়ে এল

৩৭. বাড়ির উঠানে মাছ চাষ করবে। বাক্যটিতে কী দোষ দেখা যায়?
(ক) আকাঙ্ক্ষা অপূর্ণ রয়েছে
(খ) আসত্তির অভাব রয়েছে
(গ) যোগ্যতা হারিয়েছে
(ঘ) উপমার ভুল প্রয়োগ

৩৮. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?
(ক) জীবন্মৃত (খ) অনুতাপ
(গ) গৃহান্তর (ঘ) উদ্বেল

৩৯. ঞ্ছ এই যুক্ত বর্ণটি ভাঙলে পাওয়া যাবে—
(ক) ঞ + চ (খ) ঞ + ছ
(গ) ঞ + ঙ (ঘ) চ + ছ

৪০. গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত। এখানে নিশীথে কী পদ?
(ক) বিশেষ্য (খ) বিশেষণ
(গ) ক্রিয়া বিশেষণ (ঘ) বিশেষণের বিশেষণ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com